

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধাঃ/২০২২-২০২৩/ ৪৮/১

তারিখ- ১১/১১/২০২২

সভার নোটিশ

জয়পুরহাট পৌরসভার গন মাধ্যম সেল কমিটির (MCC) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, কমিটির সভা ১৪/০৯/২০২২খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।


আলোচ্য সূচীঃ

- ১) গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।
- ২) সংবাদ পত্রে বিজ্ঞাপন দেওয়া প্রসঙ্গে।
- ৩) বিবিধ

প্রাপকঃ

.....

সদস্য, গন মাধ্যম সেল কমিটি (MCC),
জয়পুরহাট পৌরসভা।


(মোঃ জাকির হোসেন)
সভাপতি
গন মাধ্যম সেল কমিটি
ও
কাউন্সিলর
জয়পুরহাট পৌরসভা
১১/১১/২২

জয়পুরহাট পৌরসভা কার্যালয়

জয়পুরহাট

গনমাধ্যম সেল (MCC) কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি	ঃ জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান	ঃ পৌরসভা মিলনায়তন।
তারিখ	ঃ ১৪/০৯/২০২২খ্রিঃ।
রোজ	ঃ বুধবার।
সময়	ঃ বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের নাম পদবী ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	উপস্থিতি স্বাক্ষর
১)	সর্ব জনাব মোঃ সেলিমুর রহমান বাবুল, কাউন্সিলর, জয়পুরহাট পৌরসভা	সদস্য	স্বাক্ষরিত
২)	পাপিয়া, কাউন্সিলর, জয়পুরহাট পৌরসভা	সদস্য	"
৩)	মোহাঃ মুন্সুজান, কাউন্সিলর, জয়পুরহাট পৌরসভা	সদস্য	"
৪)	মোঃ মতিয়ার রহমান বাবু, কাউন্সিলর, জয়পুরহাট পৌরসভা	সদস্য	"

সভাপতি উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করে।

আলোচ্য সূচী-১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।

আলোচনাঃ- গত সভার অনুষ্ঠিত কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ- গত সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় কোনরূপ সংশোধনী ছাড়াই তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়করণ করা হলো।

আলোচনা বিষয়-২। সংবাদ পত্রে বিজ্ঞাপন দেওয়া প্রসঙ্গে।

আলোচনাঃ সভাপতি মহোদয় সভায় জানায় যে, ইতোমধ্যে জনসাধারণের অবগতির জন্য অত্র পৌরসভার সিটিজেন চার্টার সংবাদ পত্রে বিজ্ঞাপন দেওয়া হয়েছে। এছাড়াও পৌরসভার পানির বিল, পৌরকর, নিয়মিত পরিশোধ করার বিষয়ে এবং স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিসহ অন্যান্য জনগুরুত্বপূর্ণ বিষয়ে স্থানীয় সংবাদ পত্রে বিজ্ঞাপনের মাধ্যমে প্রচার করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলো।

সিদ্ধান্তঃ অত্র পৌরসভার সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সংবাদ পত্রে জনগুরুত্বপূর্ণ বিষয়ে বিজ্ঞাপন প্রচারের জন্য মেয়র, জয়পুরহাট বরাবরে অনুরোধ জানিয়ে সর্বসম্মত ভাবে সিদ্ধান্ত গৃহীত হলো।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ জাকির হোসেন)

সভাপতি

গনমাধ্যম সেল (MCC) কমিটি
ও কাউন্সিলর

জয়পুরহাট পৌরসভা।

তারিখ- ১৪/৯/২২

স্মারক নং-জঃপৌঃসঃ/সাধাঃ/২০২২-২০২৩/৫০/২(০৭)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।

২। জনাব/জনাবাসদস্য, গনমাধ্যম সেল (MCC) কমিটি।

৩। অফিস নথি।

(মোঃ জাকির হোসেন)

সভাপতি

গনমাধ্যম সেল (MCC) কমিটি
ও কাউন্সিলর




তারিখ- ১৪/৯/২২

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

গন মাধ্যম সেল কমিটির (MCC)

সভাপতি : জনাব মোঃ জাকির হোসেন, কাউন্সিলর, জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান : পৌরসভা মিলনায়তন।
তারিখ : ১৪/০৯/২০২২খ্রিঃ।
রোজ : বুধবার।
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর-

ক্রঃনং	নাম	পদবী	ফোন/মোবাইল নং	উপস্থিতি স্বাক্ষর
১	শ্রীঃ শেখ মুজিবুল হক খান	কর্তৃপক্ষ	০১৭৪৭-২০২০৮২	
২	শ্রীঃ মতিয়া	"	০১৭৩৩-২২০৫৫০	
৩	শ্রীঃ মুনতাজ	"	০১৭৩৩-৩২৭০২০	
৪	শ্রীঃ মতিয়ার রহমান খান	"	০১৭১৮-২৮০৭২০	